



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১০৪৫

তারিখঃ ২৬/০৯/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৯৪ তম কমিশন সভা অদ্য ২৬/০৯/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. আজকের সভায় কমিশন এক্সচেঞ্জের ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ৫ ধারা অনুযায়ী স্টক এক্সচেঞ্জের কর্তৃক দাখিলকৃত ডিমিউচ্যুয়ালাইজেশন স্কীম পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংশোধনীসহ উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী চূড়ান্ত অনুমোদন দিয়েছে। বাংলাদেশের পুঁজিবাজারের ইতিহাসে এই ডিমিউচ্যুয়ালাইজেশন স্কীম অনুমোদন একটি যুগান্তকারী ঘটনা। ডিমিউচ্যুয়ালাইজেশন এর মাধ্যমে স্টক এক্সচেঞ্জের মালিকানা থেকে উহার ব্যবস্থাপনা পৃথক হবে। যার ফলে স্টক এক্সচেঞ্জের কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবার পাশাপাশি গতিশীলতা বৃদ্ধি পাবে। এছাড়াও ডিমিউচ্যুয়ালাইজেশন এর মাধ্যমে স্টক এক্সচেঞ্জের অলাভজনক (non profit) থেকে লাভজনক (Profit) প্রতিষ্ঠানে রূপান্তরিত হবে এবং শেয়ারহোল্ডারগণ লভ্যাংশ প্রাপ্য হবেন। অনুমোদিত স্কীমের উল্লেখযোগ্য দিক হ'লঃ স্টক এক্সচেঞ্জের পরিচালনা পরিষদ ১৩ সদস্য বিশিষ্ট হবে যার মধ্যে স্বতন্ত্র পরিচালক হবেন ৭ জন এবং শেয়ারহোল্ডার পরিচালক হবেন ৫ জন (তন্মধ্যে অন্তত একজন Strategic শেয়ারহোল্ডার পরিচালক থাকবেন। উল্লেখ্য যে, যতদিন পর্যন্ত একজন Strategic শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচিত না হবেন ততদিন এ পদটি শূন্য থাকবে)। এছাড়াও প্রধান নির্বাহী কর্মকর্তা এক্স অফিসিও (Ex-Officio) হিসাবে পরিচালনা পরিষদে থাকবেন এবং তিনি ভোটাধিকার প্রাপ্ত হবেন। এক্সচেঞ্জের পরিচালনা পরিষদের চেয়ারম্যানসহ সংখ্যাগরিষ্ঠ সদস্য স্বতন্ত্র পরিচালক হবেন। স্কীমে উল্লেখিত নিয়মানুযায়ী Fit and Proper Criteria-র ভিত্তিতে স্বতন্ত্র পরিচালক নিযুক্ত হবেন। পরিচালক, স্বতন্ত্র পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা প্রত্যেকের মেয়াদ হবে ৩ বৎসর। এছাড়াও ডিমিউচ্যুয়ালাইজড স্টক এক্সচেঞ্জে “চীফ রেগুলেটরি অফিসার” এর একটি পদ থাকবে যার তত্ত্বাবধানে স্টক এক্সচেঞ্জের রেগুলেটরী এ্যাক্টিভিটিস ডিভিশন পরিচালিত হবে।
২. সভায় কমিশন পুঁজিবাজারের স্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থের বিষয়টি বিবেচনায় নিয়ে Margin Rules, 1999 এর Rule 3(5) এর কার্যকারিতা স্থগিতাদেশের মেয়াদ ৩০ শে সেপ্টেম্বর ২০১৩ থেকে বাড়িয়ে ৩১ শে মার্চ ২০১৪ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে যা অবিলম্বে কার্যকর হবে।
৩. বিগত ১৫ দিনে যে সমস্ত স্বল্প মূলধনী (যেমনঃ Legacy Footwear, Desh Garments, BD Auto Car, Rahima Food, Information Service, Monno Staffler, Modern Dyeing, Anwar Galvanizing, JMI Syringes & Medical Devices, Hakkani Pulp, Intech Online and Alhaj Textile) কোম্পানীর শেয়ারের মূল্য ৫০ শতাংশ থেকে ১৫০ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে সেই সমস্ত শেয়ারের মূল্য বৃদ্ধির কারণ অনুসন্ধানপূর্বক আগামী ১৫ কার্যদিবসের মধ্যে একটি তদন্ত রিপোর্ট কমিশনে দাখিল করার জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ -কে নির্দেশ দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


২৬/০৯/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র